

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা মন্ত্রণালয়  
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ  
কৃষি, পল্লী উন্নয়ন ও গবেষণা সেক্টর  
শের-ই- বাংলা নগর, ঢাকা।  
[www.imed.gov.bd](http://www.imed.gov.bd)

**নিবিড় পরিবীক্ষণের জন্য নির্বাচিত প্রকল্পের বিবরণী ও পরামর্শকের কার্যপরিধি (ToR):**

**ক. প্রকল্পের বিবরণীঃ**

১.	প্রকল্পের নাম	:	সমন্বিতকৃষি উন্নয়নেরমাধ্যমেপুষ্টি ও খাদ্য নিরাপত্তানিশ্চিতকরণপ্রকল্প
২.	উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ	:	কৃষি মন্ত্রণালয়
৩.	বাস্তবায়নকারী সংস্থা	:	কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এবং বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)
৪.	প্রকল্পের অবস্থান	:	ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, সিলেট, খুলনা ও রংপুর বিভাগের মোট ২৯ টি জেলার ৮৮টি উপজেলা

**৫. অনুমোদিত বাস্তবায়নকাল ও ব্যয় (লক্ষ টাকা) :**

অনুমোদনের পর্যায়	মেয়াদ	অনুমোদিত ব্যয় মোট: জিওবি: পিএ: নিজস্ব অর্থায়ন:	হাস/বৃদ্ধি (%)	
			মূল ডিপিপি'র তুলনায়	সর্বশেষ সংশোধিত ডিপিপি'র তুলনায়
মূল অনুমোদিত	জুলাই,১৪ হতে জুন,১৯	৭৩০০.০০ ৭৩০০.০০ - -	-	-
১ম সংশোধন	-	-	-	-
২য় সংশোধন	-	-	-	-
ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি	-	-	-	-

**৬. ক্রমপুঞ্জিত অগ্রগতি জুন ২০১৬ : আর্থিক ২৮৮৬.৮২ লক্ষ টাকা (৪০%)।**

**৭. প্রকল্পের উদ্দেশ্যঃ**

- কৃষি উৎপাদন বৃদ্ধির বিভিন্ন কৌশলের মাধ্যমে চর , হাওর ও দারিদ্র প্রবণ এলাকায় গ্রামীণ জনগোষ্ঠীর খাদ্য নিরাপত্তা অর্জন এবং কর্মসংস্থান সৃষ্টি;
- খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জন, জীবনযাত্রার মান উন্নয়নের মাধ্যমে আদর্শ গ্রাম গঠন;
- বিদ্যমান শস্য বিন্যাসের মধ্যে উচ্চমূল্যের ফসল এবং স্বল্প পানি চাহিদার শস্য আবাদে মাধ্যমে বহুমুখী শস্য আবাদ এলাকা বৃদ্ধি;
- কৃষি যান্ত্রিকীকরণের মাধ্যমে কৃষির উন্নয়ন, কৃষক গুপ গঠন ও বিদ্যমান কৃষক গুপের কার্যক্রম জোরদা রকরণ;
- আধুনিক কৃষি প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে কৃষি উৎপাদনশীলতা এবং শস্যের নিবিড়তা ২৫-৩৫% বৃদ্ধি;
- বসতবাড়ি ও বিদ্যালয় প্রাঙ্গণে ফল -সবজি বাগান স্থাপনের মাধ্যমে মহিলা , ছাত্র-ছাত্রী এবং জনসাধারণের মধ্যে পুষ্টি সচেতনতা সৃষ্টি; এবং
- বিভিন্ন ধরনের প্রশিক্ষণের মাধ্যমে কৃষাণ-কৃষাণী, ডিএই কর্মকর্তা-কর্মচারী ও সুবিধাভোগী জনগোষ্ঠীর আধুনিক কৃষি , পুষ্টি ও আয়বর্ধক কার্যক্রম সম্পর্কে জ্ঞানের পরিধি ও দক্ষতা বৃদ্ধি।

#### ৮. প্রকল্পের প্রধান প্রধান অঙ্গসমূহঃ

- প্রযুক্তিভিত্তিক কৃষক প্রশিক্ষণ (২০০০ ব্যাচ);
- নিরাপদ খাদ্য উৎপাদন বিষয়ক কৃষক প্রশিক্ষণ (৪১৬ ব্যাচ);
- সহকারী কৃষি সম্প্রসারণ কর্মকর্তা, ইমাম, এনজিও কর্মী, স্কুল শিক্ষক প্রশিক্ষণ (১৪৫ ব্যাচ);
- কৃষি মেলা (৪৫টি);
- কৃষক গ্রুপ গঠন ও উন্নয়ন (৮৮০টি);
- বিদ্যমান কৃষক গ্রুপ শক্তিশালীকরণ;
- প্রদর্শনী ২২০০টি (ধানের জাত ও বীজ উৎপাদন);
- প্রদর্শনী ১৮২৫টি (গম, ভুট্টা ও আলু উৎপাদন);
- প্রদর্শনী ১৬০০টি (তৈল বীজ ও ডাল জাতীয় ফসল);
- প্রদর্শনী ৪৬০০টি (বসতবাড়ীতে সবজি ও ফল বাগান)
- প্রদর্শনী ৬৩০টি (অপ্রচলিত মিশ্র ফল বাগান) এবং
- কৃষি যন্ত্রপাতি (পাওয়ার টিলার, হ্যান্ড স্প্রেয়ার, ফুট পাম্প, পাওয়ার হ্রোসার ও পাওয়ার স্প্রেয়ার) বিতরণ।

#### খ. পরামর্শকের কার্যপরিধি (TOR) :

##### ৯.০ পরামর্শকের দায়িত্বঃ

- ৯.১ প্রকল্পের পটভূমি, উদ্দেশ্য, অনুমোদন/সংশোধন, প্রকল্প ব্যয়, বাস্তবায়নকাল, ডিপিপি অনুযায়ী বছরভিত্তিক বরাদ্দ, বরাদ্দ অনুযায়ী ব্যয়সহ প্রাসংগিক সকল তথ্য পর্যবেক্ষণ ও পর্যালোচনা;
- ৯.২ প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন অগ্রগতির বাস্তব ও আর্থিক তথ্য সংগ্রহ, সারণি/লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও বিশ্লেষণ;
- ৯.৩ প্রকল্পের উদ্দেশ্য অর্জনের পথে অগ্রগতি পর্যবেক্ষণ ও পর্যালোচনা এবং ফলপ্রসূ করার জন্য গৃহীত কার্যাবলী প্রকল্পের উদ্দেশ্যের সাথে সামঞ্জস্যপূর্ণ কিনা তা পর্যালোচনা ও মতামত প্রদান;
- ৯.৪ প্রকল্পের আওতায় সম্পাদিত/চলমান বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের (Procurement) ক্ষেত্রে প্রচলিত সংগ্রহ আইন ও বিধিমালা (পিপিআর, উন্নয়ন সহযোগী গাইডলাইন ইত্যাদি) প্রতিপালন করা হয়েছে/হচ্ছে কি না সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- ৯.৫ প্রকল্পের আওতায় সংগৃহীত / সংগৃহীতব্য পণ্য, কার্য ও সেবা পরিচালনার জন্য প্রয়োজনীয় জনবলসহ আনুষঙ্গিক বিষয়াদি পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- ৯.৬ প্রকল্পের বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন সমস্যাবলী যেমন: অর্থায়নে বিলম্ব, পণ্য, কার্য ও সেবা ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, প্রকল্প ব্যবস্থাপনার মান এবং প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধিসহ বিভিন্ন দিক বিশ্লেষণ, পর্যবেক্ষণ ও পর্যালোচনা ;
- ৮.৭ প্রকল্পের আওতায় সম্পাদিত মূল কার্যক্রমসমূহের কার্যকারিতা ও উপযোগিতা বিশ্লেষণ এবং বিশেষ সফলতা (Success Stories, যদি থাকে) বিষয়ে আলোকপাত;
- ৯.৮ উল্লিখিত প্রাপ্ত বিভিন্ন পর্যবেক্ষণের ভিত্তিতে সার্বিক পর্যালোচনা;
- ৯.৯ প্রকল্পের সবলদিক, দুর্বলদিক, সুযোগ ও ঝুঁকি (SWOT) বিশ্লেষণ এবং দুর্বলতা ও চ্যালেঞ্জ মোকাবেলায় যথোপযুক্ত সুপারিশ প্রদান;
- ৯.১০ প্রকল্পের সম্ভাব্য exit plan সম্পর্কে পর্যালোচনা ও মতামত প্রদান;
- ৯.১১ পর্যবেক্ষণের আলোকে সুপারিশ প্রণয়ন; এবং
- ৯.১২ ক্রয়কারী সংস্থা (আইএমইডি) কর্তৃক নির্ধারিত প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি।

১০. পরামর্শক প্রতিষ্ঠান ও পরামর্শকের প্রকৃতি ও যোগ্যতাঃ

ক্রমিক	পরামর্শক প্রতিষ্ঠান ও পরামর্শক প্রতিষ্ঠানের পরামর্শক	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
১.	পরামর্শক প্রতিষ্ঠান		<ul style="list-style-type: none"> <li>গবেষণা এবং প্রকল্প পরিবীক্ষণ ও মূল্যায়ন সংক্রান্ত স্টাডি পরিচালনায় ন্যূনতম ০৩(তিন) বছরের অভিজ্ঞতাসম্পন্ন।</li> </ul>
২.	(ক)টিম লিডার:	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কৃষি/কৃষি অর্থনীতি বিষয়ে ন্যূনতম স্নাতকোত্তর ডিগ্রী।	<ul style="list-style-type: none"> <li>কৃষি সম্প্রসারণ , পুষ্টি, খাদ্য নিরাপত্তা , প্রকল্প বাস্তবায়ন , পরিবীক্ষণ ও মূল্যায়ন সম্পর্কে স্বচ্ছ ধারণা ও কমপক্ষে ১০ (দশ) বছরের বাস্তব অভিজ্ঞতা;</li> <li>টিম লিডার হিসেবে কাজ করার অভিজ্ঞতা;</li> <li>কম্পিউটার বিষয়ে ব্যবহারিক জ্ঞান; এবং</li> <li>প্রতিবেদন উপস্থাপনায় বিশেষ দক্ষতা।</li> </ul>
	(খ)পুষ্টি বিশেষজ্ঞ	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্বাস্থ্য/পুষ্টি বিষয়ে কমপক্ষে স্নাতকোত্তর ডিগ্রী	<ul style="list-style-type: none"> <li>পুষ্টি বিষয়ে গবেষণা , কর্মসূচি ব্যবস্থাপনা ও পরামর্শগত সহায়তা বিষয়ে ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা।</li> </ul>
	(গ)প্রশিক্ষণ বিশেষজ্ঞ:	স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে যে কোন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী	<ul style="list-style-type: none"> <li>প্রশিক্ষণ বিষয়ে ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা।</li> </ul>
	(ঘ) পরিসংখ্যানবিদ	স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে পরিসংখ্যান/ ফলিত পরিসংখ্যান বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী	<ul style="list-style-type: none"> <li>তথ্য সংগ্রহ, ব্যবস্থাপনা ও বিশ্লেষণে ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা;</li> <li>প্রতিবেদন প্রণয়ন ও উপস্থাপনায় দক্ষতা; এবং</li> <li>কম্পিউটার বিষয়ে ব্যবহারিক জ্ঞান।</li> </ul>

১১. পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক নিম্নেবর্ণিত প্রতিবেদনসমূহ দাখিল করতে হবে

ক্রমিক	প্রতিবেদনের নাম	দাখিলের সময়
১.	ইনসেপশন প্রতিবেদন	চুক্তি সম্পাদনের ১৫ দিনের মধ্যে
২.	১ম খসড়া প্রতিবেদন	চুক্তি সম্পাদনের ৭৫ দিনের মধ্যে
৩.	২য় খসড়া প্রতিবেদন	চুক্তি সম্পাদনের ৯০ দিনের মধ্যে
৪.	চূড়ান্ত প্রতিবেদন (বাংলায় ৪০ কপি ও ইংরেজীতে ২০ কপি)	চুক্তি সম্পাদনের ১০০ দিনের মধ্যে

১২. ক্লায়েন্ট কর্তৃক প্রদেয়:

- প্রকল্প দলিল ও প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিবেদন (যেমন: আইএমইডি-০৫ প্রতিবেদন);
- বিভিন্ন স্টেকহোল্ডারের সাথে যোগাযোগের জন্য প্রয়োজনীয় সহযোগিতা প্রদান।